



আমাদের NHS 24 বলা হয়।

আমাদের ফোন নম্বর হলো 111। এই নম্বরে বিনামূল্যে ফোন করা যায়।

আপনি যদি অসুস্থ অনুভব করেন এবং আপনার ডাক্তারখানা বন্ধ থাকে তাহলে আপনি আমাদের ফোন করতে পারেন।

আপনি রাত্রিবেলা বা উইকএন্ডেও ফোন করতে পারেন।

আপনার ডাক্তারখানা আবার খোলার আগে আপনার যদি প্রয়োজন হয় আমাদের ফোন করবেন।

এছাড়া আপনি অন্য কারো জন্যও আমাদেরকে ফোন করতে পারেন যদি তারা অসুস্থ থাকেন এবং আমাদের সাথে কথা বলতে না পারেন।

কিন্তু যদি আপনি বা অন্য কেউ খুব অসুস্থ থাকেন এবং খুব তাড়াতাড়ি সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 999 নম্বরে ফোন করবেন ও একটি অ্যাম্বুলেন্স ডাকবেন।

কিভাবে আমরা সাহায্য করতে পারি?

আমরা আপনাকে বলবো যে আপনি কি কি সাহায্য পেতে পারেন।

আমরা হয়তো বলতে পারব

- এখানে একজন ডাক্তার আছেন যাকে আপনি দেখাতে পারেন

- আপনার হাসপাতালে যাওয়া উচিত
- ভালো বোধ করার জন্য কিছু বিষয় আছে যেগুলি আপনি করতে পারেন

আপনি 111 নম্বরে ফোন করার পর কি হবে?

1. 111 ডায়াল করুন এবং চালু রাখার জন্য আপনার ফোনে 9 চাপুন।
2. আপনি একটি স্বয়ংক্রিয় উত্তর শুনতে পাবেন। এটি শেষ না হওয়া পর্যন্ত অপেক্ষা করুন। আপনার ফোনে # নম্বর চাপুন। একজন ব্যক্তি আপনার ফোনের উত্তর না দেওয়া পর্যন্ত অপেক্ষা করুন।
3. উত্তর দেওয়ার পর তিনি ইংরেজীতে বলবেন, "I speak [বাংলা]। I need an interpreter. My telephone number is xxxx". এর অর্থ হলো আমি বাংলা\_\_\_ভাষায় কথা বলি। আমার একজন দোভাষীর প্রয়োজন। আমার টেলিফোন নম্বর হলো xxxx।
4. অনুগ্রহ করে লাইনে থাকবেন ও একজন দোভাষী ফোনে না আসা পর্যন্ত অপেক্ষা করবেন।

আমাদের ওয়েবসাইট [www.nhs24.com](http://www.nhs24.com)-তে আরও বেশি তথ্য পাওয়া যাবে।